ঢাকা, ১৩ জুন ২০১০ ঃ

বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাই কমিশনার জাস্টিন ল্যান্সলি (গ.ঔংঃরহ থধহপব থবব) আজ রোববার জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ এমপি'র বারিধারাস্থ বাসভবনে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।

অত্যন্ত হৃদ্যতাপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এই সাক্ষাৎকালে বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে বিরাজমান দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা হয়। বৈঠককালে উভয় পক্ষ আশা প্রকাশ করেন যে, আগামীতে বন্ধুপ্রতীম এই দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার হবে।

এই বৈঠকে জাতীয় পার্টির আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা জনাব হাবিবুর রহমান উপস্থিত ছিলেন।